মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।

বিষয়ঃ ২৮/১২/২০২০ তারিখ বেলা ০২.০০ ঘটিকায় অনুষ্ঠিত মবক'র মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	: রিয়ার এডমিরাল এম শাহজাহান ,এনপিপি, এনডিসি, পিএসসি, চেয়ারম্যান।
তারিখ	: ২৮-১২-২০২০ খ্রিঃ।
সময়	: ০২.০০ ঘটিকা।
স্থান	: মবক'র সভা কক্ষ।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) সভায় কার্যপত্র উপস্থাপন করেন।

বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:-

১। গত ২২-১০-২০২০ তারিখ অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়।

২। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

ক্রঃনং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	বাস / মিনিবাস / কোস্টার ক্রয় প্রসঙ্গে। এজেন্ডা শুরুর তারিখঃ ২৯/১০/২০১৯	আগামী জুন ২০২১ এর পরে গাড়ি ক্রয়ের প্রস্তাব অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে পুনরায় পত্র প্রেরণের জন্য আলোচনা হয়।	সরকারি নির্দেশনা পাওয়া মাত্রই যানবাহন ক্রয়ের ব্যবস্থা করতে হবে।	পরিচালক (প্রশাসন)
২.	অডিট কার্যক্রম পরিচালনা এবং অডিট আপত্তি হ্রাস প্রসঙ্গে। এজেন্ডা শুরুর তারিখঃ ২৯/১০/২০১৯	প্রধান নিরীক্ষা কর্মকর্তা জানান যে, মবক'র অমীমাংসিত ১৩৭টি অডিট আপত্তির মধ্যে অগ্রিম আপত্তি নিস্পত্তির বিষয়ে একটি ত্রিপক্ষীয় সভা আহবান প্রক্রিয়াধীন আছে এবং অডিট আপত্তির জবাব প্রস্তুতের জন্য প্রতিমাসে সকল বিভাগের সমন্বয়ে করে অডিট আপত্তির জবাব প্রস্তুত করা হয়ে থাকে। এছাড়া অমীমাংসিত অডিট আপত্তির নিস্পত্তির বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত আছে মর্মে সভায় আলোচনা হয়।	১। আগামী ০৫-০১-২০২১ তারিখের মধ্যে ত্রিপক্ষীয় অডিট আপত্তির কার্যপত্র মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। ২। সকল বিভাগের সমন্বয়ে অডিট আপত্তির জবাব প্রস্তুত করতে হবে এবং মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। ৩। অমীমাংসিত অডিট আপত্তির নিস্পত্তির বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	প্রধান নিরীক্ষা কর্মকর্তা
৩.	মবক'র অফিস ও আবাসিক এলাকা ও জেটি এলাকা পরিস্কার পরিচ্ছন্নতা প্রসঙ্গে। এজেন্ডা শুরুর তারিখঃ ২৯/১০/২০১৯	ক) (i) প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) জানান যে, বন্দর জেটির দুইপাশ পরিষ্কার পরিচ্ছন্নতা রাখাসহ আর,সি,সি ঢালাই করে গাড়ি পার্কিং এর জন্য প্রাক্কলন অনুমোদিত হয়েছে। দরপত্র আহবান প্রক্রিয়াধীন। (ii) ব্যবস্থাপক (প্রশাসন) জানান যে, বন্দর বিপণীর আশপাশ পরিষ্কারকরণের কাজ অব্যাহত আছে। সকল দোকানদের আশপাশ পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য পত্র দেয়া হয়েছে (পত্র সংযুক্ত)। (iii) মবক'র আবাদকৃত জমির লীজ প্রদানের বিষয়ে সভার সভাপতি মহোদয় মতামত ব্যক্ত করেন যে, চট্টগ্রাম বন্দরের জমির লীজের সাথে হিসাব মিলিয়ে ইজারাকৃত জমির মূল্যের মিল থাকতে হবে। এ বিষয়ে মবক'র অব্যবহৃত যাবতীয় জায়গা পুঙ্খাণুভাবে তালিকা তৈরী করতে হবে এবং বর্তমান বাজারদর যাচাই করে সঠিক মূল্যে লীজ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। (খ) বর্তমানে মবক'র প্রায় ৩১ একর জমি বরাদ্দ দেওয়া হয়েছে। এছাড়া ড্রেজিং বালু ফেলার জন্য কিছু জায়গা রাখা আছে। এ বিষয়ে প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) জানান যে, আগামী জুন ২০২১ মাসের মধ্যে মেইনটেইন ড্রেজিংয়ের মাধ্যমে খালি জায়গায় বালু ভরাট কাজ সম্পন্ন করা হবে।	ক) (i) গাড়ি পার্কিং তৈরী করার জন্য দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (ii) বন্দর বিপণীর আশপাশ দোকানের মালিকগণ কর্তৃক স্ব-উদ্যোগে পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। এতে ব্যর্থ হলে তার দোকান বরাদ্দ বাতিল করতে হবে। (iii) (ক) লীজ প্রদানকৃত জমি ও আশেপাশের অব্যবহৃত জমিসমূহের তালিকা করে সঠিক সময়ে সঠিক মূল্যে লীজ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। (খ) ড্রেজিং মাটি ফেলার জন্য কি পরিমাণ জমি প্রয়োজন হতে পারে তা নির্ধারণ করে জুন ২০২১ পর্যন্ত ০৬ (ছয়) মাসের জন্য লীজ প্রদান করতে হবে।	প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) উপ-ব্যবস্থাপক (সম্পত্তি) উপ-ব্যবস্থাপক (সম্পত্তি) প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) ও উপ-ব্যবস্থাপক (সম্পত্তি)

		(i) প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) জানান যে, জেটির ভিতরে দুর্ঘটনা এড়ানোর লক্ষ্যে (সিঃওহা) বিভাগ কর্তৃক রোড ডিভাইডারের জন্য টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে NOA প্রদানের পূর্বে আর্থিক সম্মতির জন্য অর্থ ও হিসাব বিভাগে প্রেরণ করা হয়েছে। (ii) প্রধান প্রকৌশলী (যাঃওতঃ) জানান যে, ফ্লোর/মোজাইক পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য ক্লিনিং মেশিন ক্রয়ের বিষয়ে যান্ত্রিক ও তড়িৎ বিভাগ হতে কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং এ সংক্রান্ত গঠিত কমিটি কর্তৃক টেন্ডার গ্রহণ করা হয়েছে এবং টিইসি কমিটির মূল্যায়নের অপেক্ষায় আছে। (iii) পরিচালক (ট্রাফিক) জানান যে, জেটির ভিতরে সার্বিক পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখার লক্ষ্যে পিপিআর-২০০৮ এর RFQ পদ্ধতিতে উন্নতমানের প্রয়োজনীয় সংখ্যক ডাস্টবিন ক্রয়ের ব্যবস্থা প্রক্রিয়াধীন আছে। যা আগামী অল্প দিনের মধ্যে সম্পন্ন হবে। গ) ব্যবস্থাপক (প্রশাসন) জানান যে, খুলনা ও মোংলার আবাসিক এলাকা/অফিস এলাকা/জেটি এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে প্রস্তাবিত টেন্ডার কমিটি, টেন্ডার বিজ্ঞপ্তি ও টেন্ডার সিডিউলের খসড়া অনুমোদিত হয়েছে। দ্রুত ঠিকাদার নিয়োগ দিতে হবে মর্মে সভাপতি নির্দেশনা প্রদান করেন।	(i) এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। (ii) ক্রয়নীতি অনুসরণ করে দ্রুত ক্রয় কাজ সম্পন্ন করতে হবে। (iii) জরুরীভিত্তিতে কাজটি সম্পন্ন করতে হবে। গ) এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) প্রধান প্রকৌশলী (যাঃওতঃ) পরিচালক (ট্রাফিক) উপ-ব্যবস্থাপক (সম্প
৪.	পরিত্যক্ত ভবনের তালিকা প্রস্তুত প্রসঙ্গে। এজেন্ডা শুরুর তারিখঃ ২৯/১০/২০১৯	পরিচালক (প্রশাসন) জানান যে, প্রেষণে একজন নির্বাহী ম্যাজিস্ট্রেট পদায়ন হয়েছে। যোগদান করার পর নিলামযোগ্য ভবন হতে অবৈধ দখলদার উচ্ছেদ করে সীল টেন্ডারের মাধ্যমে ভবনগুলো নিলাম করতে হবে। মবক এ নিয়োজিত নির্বাহী ম্যাজিস্ট্রেট এর মাধ্যমে অপসারণের ব্যবস্থা নিতে হবে এবং দ্রুত নিলাম কার্যক্রম সম্পন্ন করতে হবে।	পরিত্যক্ত ভবন হতে অবৈধ দখলদার উচ্ছেদ করে নিলাম কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।	পরিচালক প্রশাসন
৫.	ঢাকাস্থ মবক'র লিয়াজোঁ অফিস কাম-রেস্ট হাউজের ফ্ল্যাট/ফ্লোর ক্রয় এজেন্ডা শুরুর তারিখঃ ১২/০৯/২০১৯	পরিচালক (প্রশাসন) জানান যে, ঢাকাস্থ লিয়াজোঁ অফিসের জন্য ৪০০০-৬০০০ বর্গফুটের ফ্লাট ক্রয়ের প্রস্তাব অনুমোদনের জন্য পত্র সংখ্যক-১৭০৩, তারিখঃ ০৮-১২-২০২০ এর মাধ্যমে সচিব নৌপম পত্র প্রেরণ করা হয়েছে। নৌপম এর অন্যান্য সংস্থায় এরুপ ফ্লাট আছে কিনা জানতে হাওয়া হয়েছে। তথ্য প্রেরণের কার্যক্রম চলমান।	সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করে ঢাকায় জমি/ ফ্ল্যাট/ফ্লোর ক্রয়ের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	সদস্য (প্রকৌশল ও উন্নয়ন)/ পরিচালক (প্রশাসন)
৬.	পারিজাতের পিছনে নদী ভাঙ্গন প্রসঙ্গে। এজেন্ডা শুরুর তারিখঃ ২৯/১০/২০১৯	প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ) জানান যে, পানি উন্নয়ন বোর্ডের সাথে যোগাযোগ অব্যাহত আছে এবং পানি উন্নয়ন বোর্ড হতে ডিপিপি প্রস্তুত কাজ অব্যাহত আছে মর্মে জানা গিয়েছে।	পানি উন্নয়ন বোর্ডের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ)
৭.	গাড়ীর সাংগঠনিক কাঠামো টিওএন্ডই তে অন্তর্ভুক্ত প্রসঙ্গে। এজেন্ডা শুরুর তারিখঃ ২৯/১০/২০১৯	পরিচালক (প্রশাসন) জানান যে, সদস্য (হাঃও মেঃ) কে আহবায়ক করে মবক'র জনবলের সাংগঠনিক কাঠামো সংশোধনের জন্য কমিটি গঠন করা হয়েছে। কমিটির কার্যক্রম শেষে বোর্ড সভার অনুমোদন গ্রহণ করে নৌপমে প্রেরণ করা হবে। জনবল কাঠামো চূড়ান্ত করে একই সাথে গাড়ীর টিওএন্ডই নৌপমে প্রেরণ করা হবে মর্মে আলোচনা হয়। জনবলের কাঠামো চূড়ান্ত হওয়ার পরে সে অনুযায়ী সাংগঠনিক কাঠামোর গাড়ির প্রস্তাব তৈরি করে উপস্থাপন করতে হবে।	এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশাসন)
৮.	মবক'র বন্দর আবাসিক এলাকায় শিশু পার্ক তৈরী প্রসঙ্গে। এজেন্ডা শুরুর তারিখঃ ২৯/১০/২০১৯	প্রধান প্রকৌশরী (সিঃওহাঃ) জানান যে, চুক্তিকৃত কাজ সম্পন্ন হয়েছে। নতুন ৪টি আইটেম সংযুক্ত হওয়ায় সংশোধিত প্রাক্কলন অনুমোদনের অপেক্ষায় আছে মর্মে প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ) সভাকে অবহিত করেন। কাজটি চূড়ান্ত করতে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। সিবিএ'র সাধারণ সম্পাদক শিশু পার্কের চারপাশে ফ্লাট লাইট ও ফেন্সী ওয়াল দেওয়ার জন্য সভার সভাপতি মহোদয়কে অনুরোধ জানান। এ বিষয়ে প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) কর্তৃক ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	ফেন্সী ওয়াল নির্মাণসহ শিশু পার্ক নির্মাণের অবশিষ্ট কাজ দ্রুত সম্পন্ন করতে হবে এবং উদ্বোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ)